BANGLADESH GARMENT MANUFACTURERS
& EXPORTERS ASSOCIATION (BGMEA)
"Made in Bangladesh with Pride"
BGMEA Complex, House # 7/7A, Block # H 1, Sector # 17, Uttara, Dhaka-1230, Hot Line : 09638012345
E-mail : info@bgmea.com.bd, Web : www.bgmea.com.bd

Ref: বিজ্ঞপ্তি নংঃ বিজিএ/কাস/২০২২/১১৪ ৮ জুন, ২০২২

## সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়ঃ আমদানিকৃত ও অখালাসকৃত সকল পণ্যচালান দ্রুত খালাস গ্রহণ প্রসঙ্গে।**

এতদ্বারা সম্মানিত সদস্যদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, The Customs Act, 1969 এর Section 82 এর sub-section (1) এর বিধান অনুযায়ী সমুদ্র বন্দরের মাধ্যমে আমদানিকৃত পণ্যচালান বন্দরে অবতরণের পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে এবং বিমান বন্দরে অবতরণের পরবর্তী ২১ (একুশ) দিনের মধ্যে অথবা উভয়ক্ষেত্রে কাস্টমস কর্তৃপক্ষের অনুমোদিত অতিরিক্ত সময় সীমার মধ্যে শুল্ককর পরিশোধ করে খালাস গ্রহণ করার বিধান আছে মর্মে কাস্টম হাউস, চট্টগ্রাম কর্তৃপক্ষ গণবিজ্ঞপ্তি জারী করেছে।

এমতাবস্থায়, কাস্টম হাউস, চট্টগ্রাম এর অধিক্ষেত্রাধীন চট্টগ্রাম বন্দর ও সকল অফডক ও হযরত শাহ্ আমানত আন্তর্জাতিক বিমানবন্দরের মাধ্যমে আমদানিকৃত ও অখালাসকৃত কেমিক্যাল জাতীয় পণ্যসহ সকল পণ্যচালান বিধান মোতাবেক দ্রুত খালাস গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

প্রয়োজনীয় কার্যার্থে উক্ত গণবিজ্ঞপ্তি'টি (নথি নং-এস-০৪/১৩৩/প্রশাসন/অফিস আদেশ/২১০/৫২৫১৩ (কাস) তারিখঃ ০৭/০৬/২০২২ইং) এতদ্সঙ্গে সংযুক্ত করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

ধন্যবাদান্তে,
08/6/2022
মোঃ ফয়জুর রহমান
মহাসচিব

C:\Users\BGMEA\Desktop\...

CamScanner

"উন্নয়নের অক্সিজেন রাজস্ব"

"জনকল্যাণে রাজস্ব"

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## কাস্টম হাউস, চট্টগ্রাম

**Web: www.chc.gov.bd E_mail:customhousectg@gmail.com**

নথি নং-এস-০৪/১৩৩/প্রশাসন/অফিস আদেশ/২১০/৫২৫১৩ (কাস) তারিখ: ০৭/০৬/২০২২ খ্রিঃ

## গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সম্মানিত সকল আমদানিকারক ও তাদের মনোনীত **C&F agent** দের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, **The Customs Act, 1969** এর **section 82** এর **sub-section (1)** এর বিধান অনুযায়ী সমুদ্র বন্দরের মাধ্যমে আমদানিকৃত পণ্যচালান বন্দরে অবতরণের পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে এবং বিমান বন্দরে অবতরণের পরবর্তী ২১ (একুশ) দিনের মধ্যে অথবা উভয়ক্ষেত্রে কাস্টমস কর্তৃপক্ষের অনুমোদিত অতিরিক্ত সময়-সীমার মধ্যে শুল্ক-কর পরিশোধ করে খালাস নিতে হবে। বিশেষভাবে লক্ষ্য করা যাচ্ছে যে, আমদানিকারকগণ উক্ত নির্ধারিত সময়ের মধ্যে তাদের আমদানিকৃত পণ্যচালান খালাস নিচ্ছেন না।

এমতাবস্থায়, কাস্টম হাউস, চট্টগ্রাম এর অধিক্ষেত্রাধীন চট্টগ্রাম বন্দর ও সকল অফডক ও হযরত শাহ্ আমানত আন্তর্জাতিক বিমানবন্দরের মাধ্যমে আমদানিকৃত ও অখালাসকৃত কেমিক্যাল জাতীয় পণ্যসহ সকল পণ্যচালান উপর্যুক্ত বিধান মোতাবেক দ্রুত খালাস গ্রহণের জন্য সম্মানিত আমদানিকারকগণকে অনুরোধ করা হলো। অন্যথায় উল্লিখিত সময়ের মধ্যে অখালাসকৃত পণ্যচালান আইন ও বিধি মোতাবেক নিষ্পত্তি (নিলামে বিক্রয়) করা হবে।

কর্তৃপক্ষ
কাস্টম হাউস, চট্টগ্রাম।
ফোন: ০২৩৩৩৩১৩৯১৮

CamScanner